কালের কণ্ঠ

তারিখ 30 JUL 2015
পৃষ্ঠা ... কলাম ...

# অনুমোদনহীন ক্যাম্পাস ৯ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের

নিজস্ব প্রতিবেদক ▷

অনুমোদনহীন ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম চালাচ্ছে দেশের ৯টি বেসরকারি বিশ্ববিদ্যালয়। ওই বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে বলেছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। কমিটি সবকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়কে দ্রুত নিজস্ব ক্যাম্পাসে যাওয়ার তাগিদ দিয়েছে।

গতকাল বুধবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত সংসদীয় কমিটির বৈঠকে এই সুপারিশ করা হয়েছে। সভাপতি অসুস্থ থাকায় বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সদস্য মো. আব্দুল কুদ্দুস। বৈঠকে কমিটির সদস্য শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, জাহাঙ্গীর কবীর নানক, ছলিম উদ্দীন তরফদার, গোলাম মোস্তফা, এস এম আবুল কালাম আজাদ, মোহাম্মদ মামুনুর রশিদ ও সেলিনা আক্তার বানু এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বৈঠকে উত্থাপিত প্রতিবেদনে বলা হয়েছে, দারুল ইহসান বিশ্ববিদ্যালয়, এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ, অতীশ দীপংকর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সাউদার্ন ইউনিভার্সিটি অব বাংলাদেশ, নর্দান ইউনিভার্সিটি অব বাংলাদেশ, দ্য পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ, বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (চট্টগ্রাম), ইবাইস ইউনিভার্সিটি ও আন্তর্জাতিক ইসলামিক ইউনিভার্সিটি (চট্টগ্রাম) উচ্চ আদালতের আদেশ নিয়ে অনুমোদনহীন ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম চালাচ্ছে।

## দ্রুত ব্যবস্থা গ্রহণের তাগিদ সংসদীয় কমিটির

প্রতিবেদনে আরো বলা হয়েছে, এ পর্যন্ত ৮৩টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়া হলেও পাঁচটি বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রম শুরু করতে পারেনি। সরকারের নির্ধারিত পরিমাণ জমিতে নিজস্ব ক্যাম্পাস রয়েছে মাত্র ১৭টি বিশ্ববিদ্যালয়ের। আর সাতটি বিশ্ববিদ্যালয় ট্রাস্ট বা ফাউন্ডেশনের নামে জমিতে অবকাঠামো নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। নির্ধারিত পরিমাণ জমিতে আংশিক শিক্ষা কার্যক্রম চালাচ্ছে ৯টি বিশ্ববিদ্যালয়। নিজস্ব ক্যাম্পাস নির্মাণকাজ চলছে ১৫টি বিশ্ববিদ্যালয়ের। সরকার ও ইউজিসি সব বিশ্ববিদ্যালয়কে সেপ্টেম্বরের মধ্যে স্থায়ী ক্যাম্পাসে যাওয়ার সময়সীমা বেঁধে দিয়েছে। বৈঠক শেষে মো. আব্দুল কুদ্দুস সাংবাদিকদের জানান, বৈঠকে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর সার্বিক পরিস্থিতি নিয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) দেওয়া প্রতিবেদন নিয়ে আলোচনা হয়। এ সময় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান নিয়ে প্রশ্ন ওঠে। বিশেষ করে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদনহীন ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম নিয়ে আলোচনা হয়েছে। ইউজিসি জানিয়েছে, উচ্চ আদালতের দোহাই দিয়ে তারা এই কার্যক্রম চালাচ্ছে। এর বিরুদ্ধে ব্যবস্থা নিতে বলা হয়েছে। তিনি আরো বলেন, দ্রুত এসব বেসরকারি বিশ্ববিদ্যালয়কে নিজস্ব ক্যাম্পাসে যেতে বলা হয়েছে। না গেলে ওই সব বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম বন্ধ করে দেওয়া হবে।